



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ:

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে “যুক্তিবিদ্যা” বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/১১/২০১৭ খ্রি. তারিখের স্মারক: ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৪.০০১.১৭.২৬ নং পত্র।
খ) অধ্যক্ষ মহোদয়ের ২৪-১২-২০১৭ তারিখের প্রেরিত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য “যুক্তিবিদ্যা” বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি :

- ১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের এমপিও না দেয়ার শর্তে) স্ব অর্থায়নে পরিচালিত হবে ;
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩। কলেজে কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না ;
- ৯। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে ;
- ১০। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে;
- ১১। NIRCA সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে;
- ১২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না;
- ১৩। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ২০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে;
- ১৪। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে;
- ১৫। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে;

অধ্যক্ষ

আখড়াখোলা আইডিয়াল কলেজ

ডাকঘর : আখড়াখোলা

উপজেলা : সাতক্ষীরা সদর, জেলা: সাতক্ষীরা

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং -ক/অ/

৩০২২(৭)

তারিখ:

২৭/১২/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। সংরক্ষিত কপি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৭/১২/১৭